

একই তারিখ ও স্মারকের প্রতিষ্ঠাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বিদ্যালয়- ১ অধিশাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

নম্বর- ৩৮.০০৭.০১৫.০০০.১৪.০১.২০১৫/৬৩৮

তারিখঃ **৩০ আগস্ট ১৪২৬**  
১৫ অক্টোবর ২০১৯

### অফিস আদেশ

প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণ আইন, ১৯৭৪ এর ৩ (১) ধারার অধীনে প্রণীত “অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা ২০১৩” এর বিধি ৪ এর উপবিধি (১) এ প্রদত্ত কর্তৃত্ববলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ০১ জানুয়ারী, ২০১৩ তারিখ হইতে নিম্নবর্ণিত শিক্ষক-কে নামের পার্শ্বে বর্ণিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইল :

#### চট্টগ্রাম বিভাগ

ক্রমিক নং	জেলা	উপজেলা	বিদ্যালয়ের নাম	শিক্ষকের নাম	পদবী
১.	নোয়াখালী	সদর	ছয়ানিয়া কান্দি পদ্মকলি সরকারি প্রাথমিক বিদ্যালয়	মুহাম্মদ ইউসুফ	সহকারী শিক্ষক

#### শর্তাবলী :

- (ক) তাহাকে বাংলাদেশের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা হইতে হইবে।
- (খ) তিনি বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন নাই অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ নহেন মর্মে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন থাকিতে হইবে।
- (গ) তাহার অনুকূলে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসক পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন থাকিতে হইবে;
- (ঘ) তাহার পূর্ব কার্যকলাপ সন্তোষজনক মর্মে যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হইতে হইবে;
- (ঙ) তিনি ছানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) বা ছানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) বা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) বা ছানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর অধীন কোন ইউনিয়ন বা পৌরসভা বা উপজেলা বা সিটি কর্পোরেশনের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মেয়ার বা কাউন্সিলর বা সদস্য পদে নির্বাচিত হইয়া থাকিলে উক্ত পদ হইতে পদত্যাগ করিতে হইবে।
- (চ) তাহার বয়স সরকারী কর্মচারীর অবসর গ্রহণের বয়সের বেশী নয়।
- (ছ) তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে ৩ (তিনি) বছরের মধ্যে প্রয়োজনীয় যোগ্যতা অর্জন করিতে হইবে।

*নওয়াখালী/১৫/২০১৯*  
(নাজমা শেখ)

উপসচিব

ফোন : ৯৫১০৭৩

ইমেইল: [dssch1@mopme.gov.bd](mailto:dssch1@mopme.gov.bd)

#### উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর

তেজগাঁও, ঢাকা [তাঁকে আদেশটির ৩০ (ত্রিশ) কপি মুদ্রণপূর্বক জরুরী ভিত্তিতে সরবরাহের জন্য অনুরোধ জানানো হলো]।

নম্বর- ৩৮.০০৭.০১৫.০০০.১৪.০১.২০১৫

তারিখঃ **৩০ আগস্ট ১৪২৬**  
১৫ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নোয়াখালী।
- ৪। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ) ৫ম তলা, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিষ্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নোয়াখালী।
- ৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নোয়াখালী।
- ৯। উপজেলা শিক্ষা অফিসার, সদর, নোয়াখালী।
- ১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সদর, নোয়াখালী।
- ১১। অফিস কপি।

*নওয়াখালী/১৫/২০১৯*  
(নাজমা শেখ)

উপসচিব

ফোন : ৯৫১০৭৩